# জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ সুষ্ঠু ও সুন্দরভাবে পালনের নিমিত্তে উপজেলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত
উপজেলা নির্বাহী অফিসার
পবা, রাজশাহী।

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ।
তারিখ ঃ ০৮ এপ্রিল,২০২৪
সময় ঃ বিকাল ৩.০০ টা ।

**উপস্থিত সদস্যবৃন্দের নাম "সংযোজনী ক"**

সভাপতি সভায় উপস্থিত কমিটির সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার প্রারম্ভে সভাপতির অনুমতিক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.৪৬.০০১.২৪-৬৪, তারিখ: ১৯/০২/২০২৪খ্রি. পত্রটি সভায় পাঠ করে শুনান । বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হলো ।

**সিদ্ধান্ত নং ১ ঃ** প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসা থেকে প্রতি গ্রুপে (৬ষ্ঠ থেকে ৮ম, ৯ম থেকে ১০ম শ্রেণি, ১১শ থেকে ১২শ এবং ১৩শ থেকে ১৭শ শ্রেণি) প্রতি বিষয়ে ১ জন করে শ্রেষ্ঠ ছাত্র ছাত্রীকে উপজেলা পর্যায়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে আগামী ১৭/০৪/২০২৪খ্রি: তারিখের মধ্যে প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের তালিকা পাঠাতে হবে। প্রতিযোগিতার বিষয়সমূহ (১) কেরাত (২) হামদ/নাত (৩) বাংলা রচনা প্রতিযোগিতা [বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়: ৩০ মি:] (৪) ইংরেজি রচনা প্রতিযোগিতা [(৬ষ্ঠ থেকে ৮ম এবং ৯ম থেকে ১০ম শ্রেণি) (বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়:৩০ মি] (৫) ইংরেজি বক্তব্য প্রতিযোগিতা (১১শ থেকে ১২শ এবং ১৩শ থেকে ১৭শ শ্রেণি) (০৬) বাংলা কবিতা আবৃত্তি (স্বরচিত/স্বাধীনতা তুমি- কবি শামসুর রাহমান) (০৭) বিতর্ক প্রতিযোগিতা (একক) (০৮) দেশাত্মবোধক গান (০৯) রবীন্দ্র সংগীত (১০) নজরুল সংগীত (১১) উচ্চাঙ্গ সংগীত (১২) লোক সংগীত (ভাওয়াইয়া, ভাটিয়ালি, পল্লীগীতি, লালনগীতি) (১৩) জারীগান (দলভিত্তিক) (১৪) নির্ধারিত বক্তৃতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ (১৫) নৃত্য (উচ্চাঙ্গ) (১৬) লোক নৃত্য (১৭) তাৎক্ষণিক অভিনয়।

**গ্রুপসমূহ: গ্রুপ–ক ঃ ৬ষ্ঠ থেকে ৮ম, গ্রুপ–খ ঃ ৯ম থেকে ১০ম, গ্রুপ–গ ঃ ১১শ থেকে ১২শ শ্রেণি, গ্রুপ–ঘ ঃ ১৩শ থেকে ১৭শ শ্রেণি।**

**সিদ্ধান্ত নং ২ঃ** শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ বি এন সি সি, শ্রেষ্ঠ বি এন সি সি গ্রুপ, শ্রেষ্ঠ বি এন সি সি শিক্ষক, শ্রেষ্ঠ গার্ল গাইডস ও শ্রেষ্ঠ রেঞ্জার, শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ ও শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ, শ্রেষ্ঠ গার্ল গাইডস শিক্ষক ও শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক, শ্রেষ্ঠ স্কাউট ও শ্রেষ্ঠ রোভার, শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ ও শ্রেষ্ঠ রোভার গ্রুপ, শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক ও শ্রেষ্ঠ রোভার শিক্ষক, পুরস্কার প্রদানের লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠান থেকে ১জন/১টি করে শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ বি এন সি সি, শ্রেষ্ঠ বি এন সি সি গ্রুপ, শ্রেষ্ঠ বি এন সি সি শিক্ষক, শ্রেষ্ঠ গার্ল গাইডস ও শ্রেষ্ঠ রেঞ্জার, শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ ও শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ, শ্রেষ্ঠ গার্ল গাইডস শিক্ষক ও শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক, শ্রেষ্ঠ স্কাউট ও শ্রেষ্ঠ রোভার, শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ ও শ্রেষ্ঠ রোভার গ্রুপ, শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক ও শ্রেষ্ঠ রোভার শিক্ষক নির্বাচন করার লক্ষ্যে প্রদত্ত ছকে (নীতিমালা অনুযায়ী) আগামী ১৭/০৪/২০২৪খ্রি. তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

*** ২০২৪ সালের এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।

*** যে প্রতিযোগী/প্রতিষ্ঠান এবং যে প্রতিযোগী দল/যে শ্রেণিভিত্তিক গ্রুপ/যে বিষয়ে ২০২৩ সালের প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে প্রথম হয়েছেন ঐ প্রতিযোগী/দল ২০২৪ সালের প্রতিযোগিতায় একই বিষয়/গ্রুপে অংশগ্রহণ করতে পারবেন না।

**সিদ্ধান্ত নং ৩ঃ** উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা আগামী ২২/০৪/২০২৪ তারিখ সকাল ০৯.০০ টায় বায়া স্কুল এন্ড কলেজ, পবা, রাজশাহীতে অনুষ্ঠিত হবে।

**সিদ্ধান্ত নং ৪ঃ বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতার জন্য নিম্নেবর্ণিত সদস্য সমন্বয়ে বিচারক প্যানেল গঠন করা হলো ঃ**

**ক) কেরাত, হামদ/নাত–**

১) পেশ ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, পবা, রাজশাহী।
২) ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, পবা, রাজশাহী।
৩) পেশ ইমাম, উপজেলা মডেল মসজিদ, পবা, রাজশাহী।

**খ) বাংলা/ইংরেজি রচনা, বাংলা/ইংরেজি কবিতা আবৃত্তি, ইংরেজি বক্তব্য প্রতিযোগিতা–**

১) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পবা রাজশাহী।
২) উপজেলা একাডেমিক সুপারভাইজার, পবা, রাজশাহী।
৩) উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, পবা, রাজশাহী।

**গ) দেশাত্মবোধক গান, রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, উচ্চাঙ্গ সংগীত, লোক সংগীত, (ভাওয়াইয়া, ভাটিয়ালি, পল্লীগীতি, লালনগীতি), জারীগান (দলভিত্তিক), নৃত্য (উচ্চাঙ্গ), লোক নৃত্য প্রতিযোগিতা–**

১) ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার, পবা, রাজশাহী।
২) রোজী খন্দকার, সহকারি উপজেলা শিক্ষা কর্মকর্তা, পবা, রাজশাহী।
৩) মোঃ একরামুল খান, প্রশিক্ষক, উপজেলা শিল্পকলা একাডেমী, পবা, রাজশাহী।

**ঘ) বিতর্ক (একক) প্রতিযোগিতা, নির্ধারিত বক্তৃতা, তাৎক্ষণিক অভিনয়–**

১) সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই, ব্যানবেইস , পবা, রাজশাহী।
২) তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, পবা, রাজশাহী।
৩) উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর, পবা, রাজশাহী।

**ঙ) শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান, শ্রেণী শিক্ষক, শিক্ষার্থী এবং স্কাউট সংক্রান্ত শ্রেষ্ঠ নির্বাচন-**

১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পবা, রাজশাহী।
২) উপজেলা একাডেমিক সুপারভাইজার, পবা, রাজশাহী।
৩) সহকারী প্রোগ্রামার, ব্যানবেইজ, পবা, রাজশাহী।

পরিশেষে সভাপতি অনুষ্ঠানটি সুষ্ঠ ভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/৪/২৪
(আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ উদযাপন উপজেলা কমিটি
পবা, রাজশাহী ।

স্মারক নং-৩৭.০২.৮১৭২.০০০.৩২.০০৫.২০১৯.৬১
তারিখঃ ০৮/০৪/২০২৪খ্রি.

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
২। উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী।
৩। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার ........................................................................ (সকল),(সভার কার্যবিবরণী মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) পবা, রাজশাহী।
৫। অধ্যক্ষ, বায়া স্কুল এন্ড কলেজ, পবা, রাজশাহী (ভেন্যু হিসাবে আপনার প্রতিষ্ঠান ব্যবহারের সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো)।
৬। জনাব.................................................................................
৭। অফিস কপি।

০৮/৪/২৪
(মোঃ মোতাহার হোসেন)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ উদযাপন উপজেলা কমিটি
পবা,রাজশাহী।